জুলাই গণঅভ্যুত্থানে কানাইঘাটের আহতদের সরকারি অনুদানের চেক ও স্বাস্থ্য কার্ড বিতরণ

কানাইঘাট প্রতিনিধি ◌ঃ কানাইঘাটে সরকারি ভাবে জুলাই গণঅভ্যুত্থানে আহত জুলাই যোদ্ধাদের মাঝে (ক্যাটাগরি সি) আর্থিক অনুদানের চেক ও স্বাস্থ্য কার্ড বিতরণ করা হয়েছে। গত বুধবার বিকেল ৫টায় উপজেলা সভা কক্ষে নির্বাহী কর্মকর্তা তানিয়া আক্তার জুলাই গণঅভ্যুত্থানে আহত কানাইঘাটের ১৮ জন শিক্ষার্থী সহ অন্যান্যদের মাঝে মুক্তিযোদ্ধা মন্ত্রণালয়ের আর্থিক অনুদানের নগদ ১ লক্ষ টাকা করে প্রত্যেক জনকে চেক প্রদান ও স্বাস্থ্য কার্ড তুলে দেন।

এ সময় নির্বাহী কর্মকর্তা তানিয়া আক্তার বলেন, বর্তমান অর্ন্তবর্তী কালীন সরকার জুলাই গণঅভ্যুত্থানে আহতদের বিভিন্ন ক্যাটাঘরির মাধ্যমে আর্থিক অনুদান ও অন্যান্য সুযোগ-সুবিধা নিশ্চিত করছেন। তারই আলোকে যারা জুলাই গণঅভ্যুত্থানে দেশের বিভিন্ন এলাকায় অংশগ্রহণ করে কানাইঘাটের বাসিন্দা যারা আহত হয়ে বিভিন্ন হাসপাতালে চিকিৎসা প্রদান করেছিলেন তাদের তালিকা জেলা সিভিল সার্জন অফিসের মাধ্যমে যাচাই-বাছাই করে তা সরকারের উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আহতদের তালিকা প্রেরণ করা হয়। এরই মধ্যে শিক্ষার্থী সহ ১৮ জনকে ১ লক্ষ টাকা করে চেক প্রদান ও স্বাস্থ্য কার্ড বিতরণ করা হয়েছে। যারা আহত হয়েছেন তালিকায় নাম আসেনি, তাদেরকেও যাচাই বাছাই করছে সরকার।
চেক ও স্বাস্থ্য কার্ড বিতরণকালে জুলাই গণঅভ্যুত্থানে আহতরা বলেন, সিলেট শহর সহ দেশের বিভিন্ন এলাকায় তারা বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে অংশগ্রহণ করে আহত হয়েছিলেন। কোন কিছু চাওয়া- পাওয়ার জন্য তারা এ আন্দোলনে অংশগ্রহণ করেননি। তারপরও বর্তমান অর্ন্তবর্তীকালীন সরকার তাদের পাশে দাঁড়ানোর জন্য কৃতজ্ঞতা প্রকাশ করে আগামী দিনে সমৃদ্ধ বাংলাদেশ বির্নিমানে ছাত্র জনতাকে যার যার অবস্থান থেকে কাজ করার আহ্বান জানান।
চেক ও স্বাস্থ্য কার্ড বিতরণকালে উপস্থিত ছিলেন, সরকারের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, উপজেলা জামায়াতের নায়েবে আমীর মাস্টার ফয়সল

আহমদ, কানাইঘাট প্রেসক্লাবের সভাপতি নিজাম উদ্দিন, সাধারণ সম্পাদক মাহবুবুর রশিদ।